গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

এসআরও নং ২২৩-আইন/৯৯, তাং ২৭-০৭-১৯৯৯ দ্বারা এসআরওটি বিলুপ্ত।

প্রজ্ঞাপন

তারিখ,১৭ই আষাঢ়, ১৪০৬ বাং/১লা জুলাই, ১৯৯৯ ইং।

এস,আর,ও নং ১৭৭-আইন/৯৯।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যান এবং মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো, কোস্টার বা ডাম্পবার্জ হইতে কোন করদাতার অর্জিত সম্পূর্ণ আয়কে নিম্নবর্ণিত শর্তাধীনে আয়কর হইতে অব্যাহতি দান করিল, যথা:-

(১) যদি উক্ত করদাতা অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যানের মালিক হন, তাহা হইলে তাহাকে নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করিতে হইবে, যথা:-

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

1999

	আয়করের পরিমাণ
(ক) ৪০০ জনের কম যাত্রী পরিবহন ক্ষমতা সম্পন্ন নৌ-যান:	যাত্রী প্রতি টাকা ৪০.০০
(খ) ৪০০ জন বা তদূর্ধ্ব যাত্রী পরিবহন ক্ষমতা সম্পন্ন নৌ-যান:	যাত্রী প্রতি টাকা ৮০.০০

(২) যদি উক্ত করদাতা অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত নৌ-যান যথা কার্গো, কোস্টার বা ডাম্পবার্জের মালিক হন, তাহা হইলে তাহাকে নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করিতে হইবে, যথা:-

	আয়করের পরিমাণ
(ক) ৩৫০ টনের কম মালামাল পরিবহন ক্ষমতা সম্পন্ন নৌ-যান:	টন প্রতি টাকা ৫০.০০
(খ) ৩৫০ টন বা উহার অধিক মালামাল পরিবহন ক্ষমতা সম্পন্ন নৌ-যান:	টন প্রতি টাকা ৭৫.০০

(৩) উক্ত করদাতা দফা (১) ও (২) এ বর্ণিত যে নৌ-যানের মালিক, উহার সার্ভে সার্টিফিকেট নবায়নের পূর্বে তাহাকে উপরি-উক্ত হারে আয়কর প্রদান করিতে হইবে;

(৪) দফা (১) ও (২) এ উল্লিখিত নৌ-যানে বিনিয়োগকৃত অর্থ এই শর্তে করমুক্ত থাকিবে যে উক্ত নৌ-যানের ক্ষেত্রে দফা (১) বা (২) এ নির্ধারিত আয়করের পরিমাণের শতকরা একশত পঁচিশ ভাগ আয়কর উক্ত নৌ-যান রেজিস্ট্রেশনের সময় পরিশোধ করিতে হইবে;

(৫) দফা (১), (২) ও (৪) এর অধীনে আয়কর বাংলাদেশ ব্যাংক বা সোনালী ব্যাংকের যে শাখা এতদুদ্দেশ্যে নির্ধারণ করা হয় সেই শাখায় কোম্পানী করদাতার ক্ষেত্রে "১/১১৪১/০০০০/০১০১ আয়কর- কোম্পানীসমূহ" খাতে এবং কোম্পানী ব্যতীত অন্য করদাতার ক্ষেত্রে "১/১১৪১/০০০০/০১১১ আয়কর-কোম্পানী ব্যতীত" খাতে চালানের মাধ্যমে জমা প্রদান করিতে হইবে;

(৬) এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত হারে নির্দিষ্ট খাতে আয়কর জমা প্রদানের চালান উপস্থাপন না করা পর্যন্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সংশ্লিষ্ট নৌ-যানের রেজিস্ট্রেশন প্রদান করিবে না অথবা ক্ষেত্রমত, সার্ভে সার্টিফিকেট নবায়ন করিবে না।

০২। এই প্রজ্ঞাপনের অধীন আয়কর প্রদানকারীর নৌ-যান হইতে অর্জিত আয় তাহার আয়কর রিটার্নে অন্তর্ভুক্ত করা যাইবে, তবে এইরূপ আয়ের জন্য অতিরিক্ত কর প্রদেয় হইবে না এবং এইরূপ আয়ের পরিমাণ প্রদত্ত আয়করের ক্ষেত্রে প্রযোজ্য মোট আয়ের বেশী হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
মুহাম্মদ আবদুস সাত্তার
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

সংশোধনী এস,আর,ও-টি ১৫৭ নং পৃষ্ঠায় দেখুন।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com
Scanned with CamScanner